DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 14 Sep 2026, 01:24 PM

সারাদেশ

# ব্রাহ্মণবাড়িয়ায় ১০ বস্তা ভারতীয় চোরাচালানি জিরা উদ্ধার, গ্রেপ্তার ১

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




ব্রাহ্মণবাড়িয়া সদর মডেল থানা পুলিশের বিশেষ অভিযানে ১০ বস্তা ভারতীয় অবৈধ চোরাচালানি জিরা উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ।

মঙ্গলবার (৪ আগস্ট) রাত দেড়টার দিকে ব্রাহ্মণবাড়িয়া পৌরশহরের লাকীবাজার এলাকার নিউ মার্কেটের পেছনের একটি গলিতে অভিযান চালিয়ে এসব জিরা জব্দ করা হয়। গ্রেপ্তার ব্যক্তির নাম নিয়ামত উল্লাহ (৪৫)। তিনি ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলার নাটাই (উত্তর) এলাকার বাসিন্দা এবং জজ মিয়ার ছেলে।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে সদর মডেল থানার একটি বিশেষ আভিযানিক দল উর্ধ্বতন কর্মকর্তাদের তত্ত্বাবধানে পৌর এলাকায় অভিযান পরিচালনা করে। এ সময় লাকীবাজারের নিউ মার্কেটের পেছনে নিয়ামত উল্লাহর গুদামঘরের সামনে থেকে ১০ বস্তা ভারতীয় চোরাচালানি জিরা উদ্ধার করা হয়। একই সঙ্গে ঘটনাস্থল থেকে নিয়ামত উল্লাহকে গ্রেপ্তার করা হয়।

ব্রাহ্মণবাড়িয়া সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ শহীদুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, উদ্ধার করা জিরা জব্দ করা হয়েছে এবং এ ঘটনায় গ্রেপ্তার ব্যক্তির বিরুদ্ধে ব্রাহ্মণবাড়িয়া সদর মডেল থানায় সংশ্লিষ্ট আইনে মামলা দায়ের করা হয়েছে। মামলার পরবর্তী আইনগত কার্যক্রম চলমান রয়েছে।

---

## এ বিভাগের আরও খবর




**সার্ভার হ্যাক করে এনআইডি-সিডিআরসহ গোপন তথ্য সরবরাহ, যুবক গ্রেপ্তার**
নওগাঁর মান্দায় নির্বাচন কমিশনের সার্ভারে সংরক্ষিত নাগরিকদের ব্যক্তিগত ও গোপন তথ্য সংগ্রহ করে অর্থের বিনিময়ে সরবরাহের অভিযোগে মো. আব্দুস সালা...




**যৌতুকের জন্য গৃহবধূকে হত্যার অভিযোগ পরিবারের, গ্রেফতার দাবি**
নীলফামারীতে যৌতুকের জন্য নাছরিন নাহার (৩৫) নামে এক গৃহবধূকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছে বলে অভিযোগ করেছে তাঁর পরিবার। এ ঘটনায় জড়িতদের দ্রু...



**হাইকোর্টের নির্দেশে ইসলামী রীতিতে শুভ চন্দ্রের দাফন সম্পন্ন**
অবশেষে হাইকোর্টের নির্দেশে ইসলামী রীতি অনুযায়ী দাফন করা হয়েছে ধর্মান্তরিত শুভ চন্দ্র দাস ওরফে মো. বিল্লালের মরদেহ। রোববার রাতে নারায়ণগঞ্জ নগ...



**পদ্মায় নিখোঁজ ছাত্রদল নেতা রকির মরদেহ উদ্ধার**

কুষ্টিয়ার ভেড়ামারায় পদ্মা নদীতে নৌকা ভ্রমণে গিয়ে হার্ডিঞ্জ ব্রিজের পিলারের সঙ্গে ধাক্কা লেগে নিখোঁজ ঝিনাইদহের শৈলকুপার পৌর ছাত্রদলের সদস্য...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/brahmnbariyay-10-bsta-bhartiy-chorachalani-jira-uddhar-greptar-1